



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/বালকাঠী-৯৭/২৭০৯

তারিখঃ ০৫/০৯/২০১৭খ্রিঃ

বিষয় : স্ব-স্ব পক্ষের বক্তব্য, সমর্থনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

সূত্র : ১) নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-৯৭/২৬৭৭; তারিখঃ ০৮/০৮/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-৯৭/৮৮৬; তারিখঃ ২৪/০১/২০১৬খ্রিঃ
৩) রিট পিটিশন নং- ৪৩৭৬/২০১৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বালকাঠী জেলার নলছিটি উপজেলাধীন কুলকাঠী শহিদিয়া বহুমুখী দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৩৭৬/২০১৩ এর প্রেক্ষিতে অত্র বোর্ডের চেয়ারম্যানকে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য মহামান্য হাইকোর্ট আদেশ জারি করেন।

এ দপ্তরে রক্ষিত মাদরাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, মহামান্য হাইকোর্ট এর উক্ত আদেশের কপি ব্যতীত মামলার আর কোন কাগজপত্র/আরজী নথিতে না পাওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের নিমিত্ত আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নোক্ত কাগজপত্র ও ব্যাখ্যা দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়ঃ

“ক) ভারপ্রাপ্ত সুপার মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামানকে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৩৭৬/২০১৩ এর আরজি, মামলা সংক্রান্ত কাগজপত্র, মাওলানা মোঃ মাসুদুর রহমান (ভারপ্রাপ্ত সুপার, বরখাস্তকৃত) এর অভিযোগ ও তৎসংশ্লিষ্ট কাগজপত্রসহ সুস্পষ্ট বক্তব্য; এবং

খ) মাওলানা মোঃ মাসুদুর রহমান (ভারপ্রাপ্ত সুপার, বরখাস্তকৃত)-কে তার দাবীর পক্ষে সুস্পষ্ট বক্তব্য ও যাবতীয় কাগজপত্র।”

পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার ও বরখাস্তকৃত সুপার স্ব-স্ব দাবীর পক্ষে যে কাগজপত্র দাখিল করেছেন, তা পর্যালোচনা পূর্বক মতামত প্রদানের জন্য অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট মাদরাসা সংক্রান্ত নথিটি প্রেরণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনান্তে জানায় “বিষয়টি জটিল ও পরস্পর বিরোধী বক্তব্য উপস্থাপন করায় সার্বিক স্বচ্ছতার স্বার্থে উভয় পক্ষকে মুখোমুখি শুনানীর জন্য পত্র দেয়া যায়” মর্মে মতামত প্রদান করেন। সৃষ্ট জটিলতা নিরসনকল্পে ও সার্বিক স্বচ্ছতার স্বার্থে ভারপ্রাপ্ত সুপার মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান এবং মাওলানা মোঃ মাসুদুর রহমান (ভারপ্রাপ্ত সুপার, বরখাস্তকৃত)-কে তাদের দাবীর পক্ষে যাবতীয় কাগজপত্রসহ ১৭/০৮/২০১৭খ্রিঃ তারিখে বোর্ডে উপস্থিত থাকার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয় কিন্তু মাওলানা মোঃ মাসুদুর রহমান (ভারপ্রাপ্ত সুপার, বরখাস্তকৃত) উপস্থিত হলেও ভারপ্রাপ্ত সুপার মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান উপস্থিত হননি। ফলে সৃষ্ট জটিলতা নিরসনের যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি।

বর্নিত অবস্থায় ভারপ্রাপ্ত সুপার মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান এবং মাওলানা মোঃ মাসুদুর রহমান (ভারপ্রাপ্ত সুপার, বরখাস্তকৃত)-কে তাদের দাবীর পক্ষে যাবতীয় কাগজপত্রসহ আগামী ১২/০৯/২০১৭খ্রিঃ তারিখে বোর্ডে উপস্থিত থাকার জন্য পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোন এক পক্ষ উপস্থিত না হলে বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক এক পক্ষের শুনানী গ্রহণ করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


১৫.০৭.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ ১) মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান, ভারপ্রাপ্ত সুপার, কুলকাঠী শহিদিয়া বহুমুখী দাখিল মাদরাসা, নলছিটি, বালকাঠী
২) মাওলানা মোঃ মাসুদুর রহমান (ভারপ্রাপ্ত সুপার, বরখাস্তকৃত), কুলকাঠী শহিদিয়া বহুমুখী দাখিল মাদরাসা
নলছিটি, বালকাঠী।

নং- বামাশিবো/প্রশাসন/বালকাঠী-৯৭/২৭০৯

তারিখঃ ০৫/০৯/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, বালকাঠী।
২. উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, বালকাঠী।
৩. জেলা শিক্ষা অফিসার, বালকাঠী।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪